

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাংলাদেশ টেলিভিশন

সদর দপ্তর

রামপুরা, ঢাকা-১২১৯

www.btv.gov.bd

নং-১৫.৫৪.০০০০.০২১.৯৯.১৭২.২১.

২২/১০

তারিখ : ২২ আশ্বিন ১৪২৯ বঙ্গাব্দ  
২৫ সেপ্টেম্বর ২০২২ খ্রিষ্টাব্দ

সভার বিষয় : সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তর সমন্বয়ে ত্রৈমাসিক ভিত্তিতে অবহিতকরণ সভা  
তারিখ : ২১ সেপ্টেম্বর ২০২২ খ্রিঃ  
সময় : ১১.৩০ ঘটিকা  
স্থান : প্রশিক্ষণ কক্ষ ও জুম অ্যাপস  
সভাপতি : মহাপরিচালক

উপস্থিত অনলাইনে সংযুক্ত ১৪টি উপকেন্দ্র ও সশরীরে উপস্থিত প্রধান কার্যালয় ও কেন্দ্রের কর্মকর্তাদের স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভাপতি সভার শুরুতে বিগত ২০২১-২০২২ অর্থ বছরের সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনার সফল বাস্তবায়নে সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানান। তিনি সভাকে অবহিত করেন যে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে ২০২২-২৩ অর্থবছরের কর্মপরিকল্পনার কার্যক্রম ১.৩ অনুযায়ী বিটিভির সিটিজেনস্ চার্টার প্রণয়ন ও বাস্তবায়নে প্রতি ত্রৈমাসিকে কেন্দ্র-উপকেন্দ্রসমূহকে নিয়ে একটি অবহিতকরণ সভা করার নির্দেশনা রয়েছে। সভাপতি সুশাসন প্রতিষ্ঠায় সেবা প্রদান প্রতিশ্রুতি বা সিটিজেনস্ চার্টার বাস্তবায়নের গুরুত্ব তুলে ধরেন। সিটিজেনস্ চার্টার প্রস্তুত করার ক্ষেত্রে এটি যেন সহজ, ব্যবহার উপযোগী ও কার্যকর হয় সে বিষয়ে কেন্দ্র ও উপকেন্দ্রের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণকে সচেতন থাকার বিষয়ে সভাপতি অভিমত ব্যক্ত করেন। কেন্দ্র-উপকেন্দ্রসমূহ ত্রৈমাসিকে স্ব-স্ব সিটিজেনস্ চার্টার হালনাগাদ করার বিষয়ে অবহিত করা হয়। এছাড়া নাগরিকগণ যাতে সহজেই বিটিভির সেবার নাম, সেবা পদ্ধতি সহজেই জানতে পারে সেজন্য দৃশ্যমান স্থানে সিটিজেনস্ চার্টার প্রদর্শন করতে হবে। আলোচনায় অংশ নিয়ে বিভিন্ন কেন্দ্রের কর্মকর্তাগণ তাদের অফিসে সিটিজেনস্ চার্টার প্রদর্শিত আছে মর্মে উল্লেখ করেন। সভাপতির অনুমতিক্রমে বিটিভির সিটিজেনস্ চার্টার ফোকাল পয়েন্ট জানান যে প্রতিশ্রুতি অনুযায়ী প্রদত্ত সেবার বাস্তবায়ন প্রতিবেদন প্রতি প্রান্তিকে প্রেরণ করতে হবে। সভাপতি বিটিভির সেবার মান বৃদ্ধিতে বার্ষিক কর্মপরিকল্পনা অনুযায়ী সকলকে কাজ করার জন্য নির্দেশনা প্রদান করেন।

০২। সভায় বিস্তারিত আলোচনার পর নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়-

- কেন্দ্র/উপকেন্দ্রসমূহকে প্রতি ত্রৈমাসিকে স্ব-স্ব সিটিজেনস্ চার্টার হালনাগাদপূর্বক প্রশাসন শাখাকে অবহিত রেখে ওয়েবসাইটে প্রকাশের জন্য সিনিয়র সিস্টেম এনালিস্ট বরবর প্রেরণ করতে হবে।
- যে সকল কেন্দ্র/উপকেন্দ্রে দৃশ্যমান স্থানে সিটিজেনস্ চার্টার প্রদর্শন করা হয়নি সেখানে অতিদ্রুত তা স্থাপনের ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- শাখাসমূহ ও কেন্দ্র/উপকেন্দ্রসমূহকে স্বপ্রণদিতভাবে প্রতি প্রান্তিকের শেষ কর্মদিবসের পূর্বে নির্ধারিত ছকে সেবা বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রমাণকসহ পরিচালক (প্রশাসন) বরাবর প্রেরণ করতে হবে।

০৩। আর কোন আলোচ্য বিষয় না থাকায় ধন্যবাদ জ্ঞাপনপূর্বক সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

সোহরাব হোসেন  
মহাপরিচালক  
ফোন: ৫৫১৩২২২২

নং-১৫.৫৪.০০০০.০২১.৯৯.১৭২.২১.

তারিখ : ২৫ আশ্বিন ১৪২৯ বঙ্গাব্দ  
সেপ্টেম্বর ২০২২ খ্রিষ্টাব্দ

বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- উপমহাপরিচালক (অনুষ্ঠান/বার্তা), বাংলাদেশ টেলিভিশন, ঢাকা।
- প্রধান প্রকৌশলী, বাংলাদেশ টেলিভিশন, ঢাকা।
- পরিচালক .....(সকল), বাংলাদেশ টেলিভিশন, ঢাকা।
- জেনারেল ম্যানেজার, বাংলাদেশ টেলিভিশন, ঢাকা কেন্দ্র/চট্টগ্রাম কেন্দ্র।
- সিনিয়র সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ টেলিভিশন, ঢাকা।
- কন্ট্রোলার/লাইসেন্স ম্যানেজার, বাংলাদেশ টেলিভিশন, ঢাকা।
- সহকারী পরিচালক (প্রশাসন) .....(সকল), বাংলাদেশ টেলিভিশন, সদর দপ্তর, ঢাকা।
- উপকেন্দ্র প্রধান .....(সকল), বাংলাদেশ টেলিভিশন।

সিনিয়র সিস্টেম এনালিস্ট এর কার্যালয়	
সিস্টেম এনালিস্ট	<input type="checkbox"/> প্রয়োজনীয় ব্যবস্থা নিন
প্রোগ্রামার-১	<input type="checkbox"/> উপস্থাপন করুন
প্রোগ্রামার-২	<input type="checkbox"/> কথা বলুন
পিএ	<input type="checkbox"/> তাগিদ দিন
সিনিয়র সিস্টেম এনালিস্ট	

সহকারী পরিচালক (প্রশাসন)  
ফোন: ৫৫১৩১৯১৮